

Prime Minister speaks on phone with the Federal Chancellor of Germany, His Excellency Olaf Scholz

January 05, 2022

প্রধানমন্ত্রী, জার্মানির ফেডেরাল চ্যান্সেলর হিজ এক্সেলেন্সি ওলাফ স্কোলজের সাথে ফোনে বাক্যালাপ করেছেন

জানুয়ারি 05, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জার্মানির ফেডেরাল চ্যান্সেলর হিজ এক্সেলেন্সি ওলাফ স্কোলজের সাথে ফোনে বাক্যালাপ করেছেন।

চ্যান্সেলর হিসেবে নিযুক্ত হবার জন্য প্রধানমন্ত্রী স্কোলজকে অভিনন্দন জানিয়েছেন। তিনি ভারত-জার্মানির কৌশলগত অংশীদারিত্বকে শক্তিশালী করার জন্য প্রাক্তন চ্যান্সেলর হিজ এক্সেলেন্সি অ্যাঞ্জেলো মার্কেলের অপরিমেয় অবদানের জন্য তার প্রশংসা ব্যক্ত করেছেন এবং হিজ এক্সেলেন্সি স্কোলজের নেতৃত্বে এই ইতিবাচক গতিবেগ বজায় থাকার প্রতি উন্মুখ হয়ে আছেন।

দুই নেতা একমত হন যে নতুন জার্মান সরকার এবং ভারতের নিজস্ব অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি দ্বারা ঘোষিত শাসন অগ্রাধিকারের মধ্যে উল্লেখযোগ্য সমন্বয় রয়েছে। তারা বিনিয়োগ এবং বাণিজ্য সংযোগের উৎসাহ প্রদান সহ চালু থাকা সহযোগিতা উদ্যোগের সম্ভাবনা নিয়ে পর্যালোচনা করেছেন। তারা নতুন নতুন ক্ষেত্রে সহযোগিতা এবং বিনিময়কে আরও বিভিন্নমুখী করার সম্ভাবনার প্রতি সহমত হয়েছেন। বিশেষ করে তারা দুই দেশকে তাদের নিজ নিজ জলবায়ু অঙ্গীকারকে সফল করার ক্ষেত্রে সক্ষমতা অর্জনের জন্য জলবায়ু ক্রিয়া এবং গ্রীণ এনার্জির ক্ষেত্রে নতুন সহযোগিতা উদ্যোগের প্রতি আশা ব্যক্ত করেছেন।

প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি চ্যান্সেলর স্কোলজকে এবং জার্মান জনগণকে তার ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন এবং খুব শীঘ্রই আন্তঃ-সরকারি দ্বিপাক্ষিক পরামর্শের জন্য পরবর্তী বৈঠকে তার সাথে সাক্ষাৎ করার জন্য উন্মুখ হয়ে আছেন।

নিউ দিল্লি

জানুয়ারি 05, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.